## ১ নম্বরের প্রশ্ন ও উত্তর

**১। যে কোন একটি অর্থোপক্ষেপকের নাম লেখ।**

উঃ। একটি অর্থোপক্ষেপকের নাম বিষ্কম্ভক।

**২। প্রস্তাবনার বিকল্প নাম লেখ (বিশ্বনাথের অনুসরণে)।**

উঃ। প্রস্তাবনার বিকল্প নাম আমুখ।

**৩। নাটকে প্রযোজ্য অঙ্গীরসের মধ্যে যে কোন একটির নাম, লেখ।**

উঃ। নাটকে প্রযোজ্য অঙ্গীরসের মধ্যে একটির নাম হল—শৃঙ্গার রস।

**৪। নাট্যতত্ত্বে অভিনয় কয় প্রকারের?**

উঃ। নাট্যতত্ত্বে অভিনয় চার প্রকারের।

**৫। দুটি উপরূপকের নাম লেখ।**

উঃ। দুটি উপরূপকের নাম হল নাটিকা ও ত্রোটক।

**৬। চম্পূ কি?**

উঃ। গদ্য-পদ্যময় কাব্যের নাম চম্পূ। এতে গদ্য ও পদ্য উভয়ই কাহিনীর বাহক।

**৭। নান্দী শ্লোক কটি পদ নিয়ে গঠিত হয়?**

উঃ। নান্দী শ্লোক আটটি বা বারটি পদ নিয়ে গঠিত।

**৮। অর্থপ্রকৃতির বিভাগগুলি কি কি?**

উঃ। অর্থপ্রকৃতির বিভাগগুলি হল পাঁচটি—বীজ, বিন্দু, পতাকা, প্রকরী ও কার্য।

**৯। কোন্ শ্রেণীর কাব্যে গদ্য ও পদ্যের সংমিশ্রণ দেখা যায়?**

উঃ। (দৃশ্যকাব্য ও) চম্পূ শ্রেণীর কাব্যে গদ্য ও পদ্যের সংমিশ্রণ দেখা যায়।

**১০। নাট্যতত্ত্বে পতাকাস্থান কয় প্রকার?**

উঃ। নাট্যতত্ত্বে পতাকাস্থান চার প্রকার।

**১১। নাটিকার অঙ্ক সংখ্যা কত?**

উঃ। নাটিকার অঙ্ক সংখ্যা চার।

**১২। নাট্যতত্ত্বে নাটকের অন্তিম শ্লোককে কি বলা হয়?**

উঃ। নাট্যতত্ত্বে নাটকের অন্তিম শ্লোককে ভরতবাক্য বলা হয়।

**১৩। রূপকের বিভাগ কয়টি?**

উঃ। রূপকের বিভাগ দশটি।

Scanned with CamScanner

১৪। নাটকে কয়টি সন্ধি থাকা প্রয়োজন?

উঃ। নাটকে পাঁচটি সন্ধি থাকা প্রয়োজন।

১৫। প্রহসন কোন্ শ্রেণীর অন্তর্গত?

উঃ। প্রহসন দৃশ্যকাব্যের রূপক শ্রেণীর অন্তর্গত।

১৬। উপরূপকের বিভাগ কয়টি?

উঃ। উপরূপকের বিভাগ আঠারটি।

১৭। নাট্যতত্ত্বে শ্রেষ্ঠ রূপক বলতে কোন্‌টিকে বোঝায়?

উঃ। নাট্যতত্ত্বে শ্রেষ্ঠ রূপক বলতে নাটককে বোঝায়।

Scanned with CamScanner

## ২ নম্বরের প্রশ্ন ও উত্তর

**১। আকাশভাষিত কি?**

উঃ। মঞ্চে অবস্থিত কোন পাত্র বা পাত্রী বাইরের (দর্শকদের অগোচর) কাউকে কোন প্রশ্ন করে 'কি বলছ' বলে তার উত্তরটা যদি নিজেই বলে, তবে সেই বিশেষ নাট্যকৌশলকে আকাশ-ভাষিত বলে।

**২। নাটকের অঙ্কে কোন্ কোন্ বিষয়ের অবতারণা সম্পূর্ণ নিষিদ্ধ?**

উঃ। অঙ্কে দূর থেকে আহ্বান, বধ, যুদ্ধ, রাষ্ট্র-দেশাদির বিপ্লব, বিবাহ, ভোজন, অভিশাপ-প্রদান, মলমূত্রাদি ত্যাগ, মৃত্যু, রতিক্রিয়া, দাঁত বা নখ দিয়ে কিছু কাটা বা ক্ষত করা, বা অন্য কোনপ্রকার লজ্জাকর কার্য, শয়ন, চুম্বন, নগরাদির অবরোধ, চন্দনাদি লেপন প্রভৃতি বিষয়ের প্রদর্শন বা অবতারণা নিষিদ্ধ।

**৩। "রূপারোপাত্তু রূপকম্"—ব্যাখ্যা কর।**

উঃ। দৃশ্যকাব্যের চরিত্রের আঙ্গিক, বাচিক, আহার্য ও সাত্ত্বিক—এই চতুর্বিধ অবস্থার অনুকরণরূপ অভিনয়ের ফলে দর্শক অভিনেতা-অভিনেত্রীদের উপর দৃশ্যকাব্যের রামাদি চরিত্রের স্বরূপের আরোপ করে বলেই দৃশ্যকাব্যকে রূপক বলা হয়।

**৪। বিশ্বনাথের অনুসরণে নাটিকার লক্ষণ দাও।**

উঃ। নাটিকার বিষয়বস্তু বা কাহিনী হবে কবিকল্পিত। নাটকের ও প্রকরণের ভাবানুরূপ বলে নাটিকাকে উপরূপক বলা হয়। নাটিকার নায়ক হবেন ধীরললিত শ্রেণীর কোন বিখ্যাত রাজা। নাটিকার বৃত্তি হবে কৌশিকী। শ্রীহর্ষের রত্নাবলী নাটিকার একটি প্রকৃষ্ট উদাহরণ।

**৫। রূপক কয় প্রকার ও কি কি?**

উঃ। রূপক দশ প্রকার—নাটক, প্রকরণ, ভাণ, ব্যায়োগ, সমবকার, ডিম, ঈহামৃগ, অঙ্ক, বীথী ও প্রহসন।

**৬। বৃত্তি কাকে বলে? ইহা কয় প্রকার ও কি কি?**

উঃ। 'বর্ততে রসোঽনয়া' এই অর্থে √বৃৎ + ক্তিন্ = বৃত্তি। নায়ক-নায়িকাদির যে সাজপোষাক, চালচলন, হাবভাব, কথাবার্তা প্রভৃতি দ্বারা রসের প্রকাশ ও বিকাশ ঘটে, সেই ব্যাপারকে বলে বৃত্তি। ইহা চারপ্রকার—কৌশিকী, সাত্ত্বতী, আরভটী ও ভারতী।

**৭। ভারতীবৃত্তির অঙ্গ কয়টি ও কি কি?**

উত্তর। ভারতীবৃত্তির চারটি অঙ্গ—প্ররোচনা, বীথী, প্রহসন ও আমুখ।

**৮। নির্বহণ সন্ধি সম্বন্ধে কি জান?**

উত্তর। মুখসন্ধিতে যথাযথভাবে উপন্যস্ত বীজ দ্বারা যুক্ত বিষয়সমূহ দৃশ্যকাব্যের যে অংশে ফললাভরূপ একটিমাত্র প্রয়োজনে উপনীত হয়, সেই অংশকে 'নির্বহণ সন্ধি' বলা হয়।

**৯। মুখসন্ধির সংজ্ঞা দাও।**

উত্তর। দৃশ্যকাব্যের যে অংশে আরম্ভ নামক অবস্থার সঙ্গে সংযুক্ত হয়ে নানা রসের সম্ভাবনাযুক্ত বীজ নামক অর্থপ্রকৃতির উৎপত্তি ঘটে, সেই অংশকে মুখসন্ধি বলে।

Scanned with CamScanner

**১০। সাহিত্যদর্পণে বিশ্বনাথ উপস্থাপিত নিয়তাপ্তি সম্বন্ধে লেখ।**

**উত্তর।** নাট্যকাহিনীর যে অবস্থায় অপায় অর্থাৎ বিঘ্ন বা প্রতিকূলতা কেটে গিয়ে ফলপ্রাপ্তি (আপ্তি) নিশ্চিত (নিয়ত) হয়ে যায়, তাকে নিয়তাপ্তি বলে। বিশ্বনাথ বলেছেন—

"অপায়াভাবতঃ প্রাপ্তির্নিয়তাপ্তিস্তু নিশ্চিতা।"

**১১। শ্রেণীবিভাগসহ অভিনয়ের সংজ্ঞা দাও।**

**উত্তর।** বিশ্বনাথ অভিনয়ের সংজ্ঞা দিয়েছেন—"অভিনয়োঽবস্থানুকারঃ" ; অর্থাৎ অবস্থার অনুকরণ করাকে বলে অভিনয়। অভিনয় চার প্রকার—আঙ্গিক, বাচিক, আহার্য ও সাত্ত্বিক।

Scanned with CamScanner